

## পাকিস্তান থেকে ফিরছে আবদুল আলীমের গান

লোকগানের কিংবদন্তি শিল্পী আবদুল আলীমের বহু গান রেডিও পাকিস্তানের মহাফেজখানায় অযত্নে পড়ে আছে। কূটনৈতিক জটিলতায় স্বাধীনতার পর প্রায় পাঁচ দশকেও আলীমের গান ফেরানো যায়নি। প্রায় এক বছর ধরে পাকিস্তানের সঙ্গে চিঠি চালাচালির পর সেপ্টেম্বরের শেষ সপ্তাহে আবদুল আলীমের ১২টি গান হাতে পেয়েছে ইসলামাবাদের বাংলাদেশ হাইকমিশন। পেনড্রাইভে ১২টি গান ঢাকায় পররাষ্ট্র মন্ত্রণালয়ের দক্ষিণ এশিয়া অণুবিভাগে পাঠানো হয়েছে।




## মুক্তিযুদ্ধের স্বল্পদৈর্ঘ্য সিনেমায় জ্যোতি

মহান মুক্তিযুদ্ধের সময়ের এক রাতের গল্প নিয়ে নির্মাণ হচ্ছে স্বল্পদৈর্ঘ্য সিনেমা ‘নিশিবক’। ২০২২-২৩ অর্থবছরের সরকারি অনুদানের এ সিনেমাটি বানাচ্ছেন সাজ্জাদ জহির। সিনেমার কেন্দ্রীয় চরিত্রে অভিনয়ের জন্য সম্প্রতি চুক্তি স্বাক্ষর করলেন জ্যোতিকা জ্যোতি। আগামী মাসেই শুরু হতে পারে শুটিং।

## বিয়ের সিদ্ধান্ত নিয়েছেন স্বাগতা



বর্তমানে যুক্তরাজ্যে আছেন অভিনেত্রী জিনাত সানু স্বাগতা। কিছুদিনের মধ্যে বাংলাদেশে ফিরে আসবেন। কথা প্রসঙ্গে জানালেন, জীবনের গুরুত্বপূর্ণ সিদ্ধান্ত নিয়েছেন। বছরের শেষে বিয়ে করতে যাচ্ছেন তিনি। তবে তিনি হবু বরের পরিচয় জানাতে রাজি নন এখনই। স্বাগতা না জানালেও একাধিক সূত্রে নিশ্চিত হওয়া গেছে, স্বাগতার হবু স্বামীর পরিচয়। তার নাম হাসান আজাদ। তারা দুজন একসঙ্গে গান করছেন। এরই মধ্যে দুজনের কয়েকটি গান প্রকাশিত হয়েছে।




## প্রসেনজিৎকে শুভেচ্ছা জানালেন অমিতাভ

প্রকাশ হয়েছে সৃজিত মুখোপাধ্যায়ের ‘দশম অবতার’-এর ট্রেলার। তারপর থেকেই প্রশংসায় ভাসছেন প্রসেনজিৎ চট্টোপাধ্যায়। ট্রেলার দেখার পর প্রসেনজিতের উদ্দেশে শুভেচ্ছা বার্তা দিলেন বলিউডের বিগ বি অমিতাভ বচ্চন। আসছে পূজায় মুক্তি পেতে যাচ্ছে সিনেমাটি। ‘বাইশে শ্রাবণ’-এর ১২ বছর পর আরও একবার প্রবীর রায় চৌধুরীর চরিত্রে বড় পর্দায় ধরা দিতে চলেছেন প্রসেনজিৎ। ছবির ট্রেলার সামাজিক যোগাযোগমাধ্যমে শেয়ার করে অমিতাভ বচ্চন এক পোস্টে লিখেছেন, ‘বুম্বা, প্রত্যেকবারের মতোই তোমার জন্য শুভকামনা।’



## মাইকেল জ্যাকসনের টুপির দাম ১ কোটি টাকা

পপ দুনিয়ার বাদশা মাইকেল জ্যাকসনের নাম বললেই শিহরণ জাগত না এমন বিনোদনপ্রেমী মানুষ বিরল। এই কিংবদন্তির সবচেয়ে জনপ্রিয় ছিল ‘মুনওয়াক’ নাচটি। প্রয়াত পপ-কিংবদন্তি প্রথমবার ‘মুনওয়াক’ নাচের সময় যে কালো রঙের টুপি পরেছিলেন, চার দশক পরে সেটি নিলামে উঠতে যাচ্ছে। ২৬ সেপ্টেম্বর প্যারিসের হোটেল ড্রুট-এ নিলামের জন্য উঠানো হবে মাইকেল জ্যাকসনের টুপিটি। সেখানে ৬০ হাজার থেকে ১ লাখ ইউরোতে (প্রায় ৭০ লাখ ৮৬ হাজার থেকে ১ কোটি ১৮ লাখ টাকা) এটি সংগ্রহ করা যেতে পারে বলে বিভিন্ন গণমাধ্যমে বলা হয়েছে।



## ইশারা ভাষায় সিসিমপুর

শ্রবণ-প্রতিবন্ধী শিশুদের জন্য নির্মিত হলো সিসিমপুরের বিশেষ কিছু পর্ব। উদ্যোগের অংশ হিসেবে সিসিমপুরের জনপ্রিয় ১৩টি পর্বে শিশুদের উপযোগী করে ইশারা ভাষা যুক্ত করে নতুনভাবে তৈরি করেছে সিসিমপুরের নির্মাতা প্রতিষ্ঠান সিসেমি ওয়ার্কশপ বাংলাদেশ। সিসিমপুরের পর্বগুলোকে ইশারা ভাষায় রূপান্তরে সহযোগিতা করেছে শ্রবণ-প্রতিবন্ধী মানুষের উন্নয়নে কাজ করা সংগঠন সোসাইটি অব দি ডেফ অ্যান্ড সাইন ল্যাঙ্গুয়েজ ইউজার্স (এসডিএসএল)।

## দাদা সাহেব ফালকে পাচ্ছেন ওয়াহিদা রহমান

'দাদা সাহেব ফালকে' সম্মাননা পাচ্ছেন বলিউডের বর্ষীয়ান অভিনেত্রী ওয়াহিদা রহমান। ভারতীয় চলচ্চিত্রে অসামান্য অবদানের জন্য তাকে দাদা সাহেব ফালকে আজীবন সম্মাননা পুরস্কারে সম্মানিত করা হলো। ১৯৫৬ সালে 'সিআইডি' ছবির মাধ্যমে অভিনয় জগতে পা রাখেন ওয়াহিদা। প্রায় পাঁচ দশক ধরে সিনে পর্দায় দাপিয়ে অভিনয় করেছেন। চলতি বছরের শেষেই পুরস্কার হাতে পাবেন এ বর্ষীয়ান অভিনেত্রী।





## আতাউর রহমান 'সদরুল পাশা স্মারক সম্মাননা' পেলেন

উপমহাদেশের নাট্যান্দোলনের অন্যতম পথিকৃৎ একুশে পদক ও স্বাধীনতা পুরস্কারে ভূষিত নাট্যজন মঞ্চসারথি আতাউর রহমানকে 'সদরুল পাশা স্মারক সম্মাননা' প্রদান করা হয়েছে। অরিন্দম নাট্য সম্প্রদায়ের ৫০ বছর উদ্‌যাপনের সূচনালগ্নে ১৫ সেপ্টেম্বর চট্টগ্রাম শিল্পকলা একাডেমি মিলনায়তনে দুই দিনব্যাপী অনুষ্ঠানমালার প্রথম দিন এ সম্মাননা দেওয়া হয়।

## পরিমনি ও বুবলি এক সিনেমায়


ঢালিউড সিনেমার জনপ্রিয় চিত্রনায়িকা পরীমনি ও শবনম ইয়াসমীন বুবলী। দুজনেরই অভিনয় ক্যারিয়ার ৯ বছরের কাছাকাছি। তবে এই দীর্ঘ  সময়ে একসঙ্গে তাদের কোনো সিনেমায় দেখা যায়নি। এবারই প্রথম দুজনকে এক ছবিতে দেখা যাবে। ছবির নাম 'খেলা হবে'। ছবিটির পরিচালক তানিম রহমান। পরিচালক ও প্রযোজনা প্রতিষ্ঠানের পক্ষে কেউ মুখ না খুললেও তথ্য-সম্প্রচার মন্ত্রণালয়ে শুটিংয়ের আবেদন থেকে ছবিটি সম্পর্কে বিস্তারিত জানা গেছে। আগামী অক্টোবরে শুরু হচ্ছে শুটিং।



## কেটি'র মিউজিক সাড়ে ২২ কোটি ডলারে বিক্রি



কয়েক মাস ধরে গুঞ্জন চলছিল কেটি পেরি তার মিউজিক ক্যাটালগ বিক্রি করবেন। এর মূল্যমান কতো হতে পারে তা নিয়েও চলছিল নানা কথা। অবশেষে মিউজিক ক্যাটালগ বিক্রি করলেন কেটি। লিটমাস মিউজিকের কাছে এ ক্যাটালগ বিক্রি করেছেন তিনি। এজন্য কেটি নিয়েছেন ২২ কোটি ৫০ লাখ ডলার। এ চুক্তি অনুসারে ২০০৮-২০ পর্যন্ত প্রকাশিত কেটির পাঁচটি অ্যালবাম রয়েছে। এগুলো হলো ওয়ান অব দ্য বয়েজ, টিনএজ ড্রিম, প্রিজম, উইটনেস ও স্মাইল। কেটি তার পাঁচটি অ্যালবাম প্রকাশের অধিকার দিয়েছেন লিটমাসকে। তবে এর মূল স্বত্ব থাকবে ইউনিভার্সাল মিউজিক গ্রুপের কাছেই।




## ‘পায়ের তলায় মাটি নাই’ অস্কারে যাচ্ছে

অস্কারের ৯৬তম আসরে বাংলাদেশ থেকে মনোনীত হয়েছে ‘পায়ের তলায় মাটি নাই’ সিনেমা। প্রতিযোগিতায় মোহাম্মদ রাব্বি মৃধার প্রথম চলচ্চিত্রটি লড়বে ‘বেস্ট ইন্টারন্যাশনাল ফিচার ফিল্ম’ বিভাগে। ২৩ সেপ্টেম্বর দুটি ছবি দেখে ৯৬তম অস্কার বাংলাদেশ কমিটি। এরপর ‘পায়ের তলায় মাটি নাই’ ছবিটিকে চূড়ান্ত করে। ছবির বিভিন্ন চরিত্রে অভিনয় করেছেন জাতীয় চলচ্চিত্র পুরস্কার বিজয়ী অভিনেত্রী দীপান্বিতা মার্টিন, মোস্তফা মনোয়ার, প্রিয়াম অর্চিসহ অন্যরা।



## মৃত্যুর ১৫ বছর পর মুক্তি পাচ্ছে মান্নার শেষ সিনেমা

প্রয়াত চিত্রনায়ক মান্নার শেষ সিনেমাটি মুক্তির অপেক্ষায় ছিল অনেক দিন। বিভিন্ন জটিলতায় বারবার তা পিছিয়ে যাচ্ছি। তবে সেই অপেক্ষার অবসান হলো। আগামী ১৫ ডিসেম্বর ‘জীবন যন্ত্রণা’ শিরোনামে সিনেমাটি মুক্তি পাবে। প্রযোজক খোরশেদ আলম খসরু গণমাধ্যমে এ তথ্য নিশ্চিত করেন। সিনেমাটি পরিচালনা করেছেন জাহিদ হোসেন। মুক্তিযুদ্ধের প্রেক্ষাপটে এটি তৈরি করা হয়েছে। আলম খসরু জানান, মুক্তিযুদ্ধভিত্তিক সিনেমার কারণেই বিজয় দিবস উপলক্ষ্যে ‘জীবন যন্ত্রণা’ মুক্তির পরিকল্পনা করা।



## বড়দিনে মুখোমুখি শাহরুখ ও প্রভাস

আসছে বড়দিনে সিনেমা নিয়ে মুখোমখি হচ্ছেন বলিউড কিং খান শাহরুখ ও দক্ষিণী সিনেমার সুপারস্টার প্রভাস। শাহরুখ হাজির হবেন ‘ডাংকি’ দিয়ে অন্যদিকে প্রভাস হাজির হবেন ‘সালার’ দিয়ে। ২২ ডিসেম্বর সিনেমাটি মুক্তি পাবে প্রেক্ষাগৃহে।

## রহস্য সিনেমা নিয়ে ওটিটিতে আসছেন কারিনা



এবারই প্রথম ওয়েব সিনেমায় অভিনয় করলেন কারিনা কাপুর। রহস্য, প্রেম, অপরাধ আর রোমাঞ্চে ভরা এই সিনেমায় সিঙ্গেল মাদার মায়া ডিসুজার চরিত্রে থাকছেন কারিনা। প্রথমবারের মতো ওটিটি প্ল্যাটফর্মে কাজ করে বেশ আনন্দিত কারিনা। ভারতীয় এক গণমাধ্যমে তিনি বলেন, ‘ওটিটিতে আমার প্রথম কাজ এটি। আমাকে উৎসাহ দিয়েছে আমার স্বামী সাইফ আলী খান।’ রহস্যে ঘেরা ওয়েব সিনেমাটি তৈরি হয়েছে জাপানি উপন্যাস ‘দ্য ডিভোশন অব সাসপেক্ট এক্স’ অবলম্বনে। এই উপন্যাস অবলম্বনে জাপানেও সিনেমা তৈরি হয়েছে। এবার ওটিটি মাধ্যম নেটফ্লিক্সের জন্য সিনেমা বানালেন সুজয় ঘোষ। এতে আরও অভিনয় করেছেন বিজয় ভার্মা ও জয়দীপ আহালওয়াত।



## যুক্তরাষ্ট্রে সম্মানিত রবি চৌধুরী

বাংলা গানে বিশেষ অবদানের জন্য যুক্তরাষ্ট্রে সম্মাননা পেলেন সংগীতশিল্পী রবি চৌধুরী। সম্প্রতি গান গাইতে যুক্তরাষ্ট্রে গিয়েছিলেন রবি চৌধুরী। সেখানে নিউজার্সি অঙ্গরাজ্যের ডিস্ট্রিক্ট থার্টি ফাইভের অ্যাসেম্বলিম্যান বেনজি ই উইম্বারলি তাকে সম্মানসূচক বিশেষ প্রক্লেমেশন প্রদান করেন।